

Inaugural Meeting of the IBSA National Security Advisers

August 25, 2021

আইবিএসএ জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের উদ্বোধনী সভা

অগাস্ট 25, 2021

1. 25 শে অগাস্ট 2021, বুধবার, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা, শ্রী অজিত ডোভাল, কে সি, ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে আইবিএসএ জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের উদ্বোধনী সভার আয়োজন করেছিলেন।

2. এই সভাটি আহত হয়েছিল পরবর্তী আইবিএসএ শীর্ষ নেতৃবৃন্দের বৈঠকের প্রস্তুতি হিসেবে, যেটি আইবিএসএ-র ভারতের সভাপতিত্বে অনুষ্ঠিত হবার কথা রয়েছে। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারতের সভাপতিত্বে বৈঠকের মূলপ্রতিপাদ্য হল, "পরিসংখ্যান এবং বিকাশের জন্য গণতন্ত্র" (ডেমোক্রেসি ফর ডেমোগ্রাফি অ্যান্ড ডেভেলপমেন্ট)। বিশ্বে ক্রমবর্ধমান রাজনৈতিক এবং নিরাপত্তার প্রতিবন্ধকতাকে সামলাবার জন্য তিনটি দেশের মধ্যে ঘনিষ্ঠ সহযোগিতার গুরুত্বকে প্রতিফলিত করার জন্য আইবিএসএ-র দেশগুলির জাতীয় নিরাপত্তা উপদেষ্টাদের এই ধরনের সভা এই প্রথম।

3. তিনটি ভিন্ন মহাদেশে অবস্থিত ভারত, ব্রাজিল এবং দক্ষিণ আফ্রিকা তিনটি বৃহৎ উন্নয়নশীল দেশ যারা গণতন্ত্র এবং বহুস্বাদের অভিন্ন মূল্যবোধ দ্বারা আবদ্ধ। এরা সকলেই সমুদ্রবেষ্টিত রাষ্ট্রও বটে।

4. সামুদ্রিক সুরক্ষা, সন্ত্রাসবাদ ও সংগঠিত আন্তর্জাতিক অপরাধের বিরুদ্ধে লড়াই এবং সাইবার সুরক্ষার উপরে সভাতে আলোচনা করা হয়েছে। অংশগ্রহণকারীরা সহমত হয়েছেন যে, সন্ত্রাসবাদ, বিশেষত রাষ্ট্রীয় মদতের মাধ্যমে সীমান্ত অঞ্চলে সন্ত্রাসবাদ বৈশ্বিক শান্তি ও সুরক্ষার ক্ষেত্রে সবথেকে শক্তিশালী হুমকি হিসেবে অব্যাহত রয়েছে এবং সমবেত প্রচেষ্টার দ্বারা অবশ্যই এর বিরুদ্ধে লড়াই করতে হবে। তারা গোয়েন্দা সংক্রান্ত বন্টন, সম্পর্কযুক্ত জাতীয় সংস্থাগুলির মধ্যে সর্বোত্তম অনুশীলন বিনিময় করা এবং সক্ষমতা নির্মাণের সহযোগিতাকে বৃদ্ধি করার বিষয়েও একমত হয়েছেন।

5. ভবিষ্যৎ সহযোগিতার জন্য সামুদ্রিক সুরক্ষাকে গুরুত্বপূর্ণ ক্ষেত্র হিসেবে চিহ্নিত করা হয়েছে। তারা জলদস্যুতা এবং মাদক ও মানব পাচারকে প্রতিহত করার প্রক্রিয়াকে জোরদার করার ক্ষেত্রে একমত হয়েছেন। এছাড়াও যোগাযোগ ও শক্তির সমুদ্রেরথার সুরক্ষা বৃদ্ধি করা এবং মৎস্য শিকার সহ সামুদ্রিক সম্পদ যথেষ্ট পরিমাণে কাজে লাগানোর জন্য একমত হয়েছেন। পরবর্তী ত্রিপাক্ষিক 'আইবিএসএএমএআর' সামুদ্রিক অনুশীলন খুব শীঘ্রই অনুষ্ঠিত হবে। ভারত 2022 -এ 'মিলন' (এমআইএলএএন) নৌ মহড়াতে ব্রাজিল এবং দক্ষিণ আফ্রিকাকেও আমন্ত্রণ জানিয়েছে। ভারত প্রতিটি দেশের নিজ নিজ শক্তির ভিত্তিতে প্রতিরক্ষা শিল্পের মধ্যে সহযোগিতা এবং নৌ প্লাটফর্ম সহ অন্যান্য প্লাটফর্মগুলির যৌথ বিকাশের জন্য সম্পদ আহরণের প্রস্তাব দিয়েছে।

7. তিনটি দেশের প্রতিনিধিত্ব সাইবার সুরক্ষাতে প্রায়োগিক সহযোগিতাকে বৃদ্ধি করার ক্ষেত্রেও সম্মত হয়েছেন এবং সাইবার সুরক্ষার উপরে একটি বিশেষজ্ঞ দল সংগঠিত করার জন্য ভারতের প্রস্তাবকে গ্রহণ করেছে। তারা সাইবার এবং আইসিটি সমস্যায় রাষ্ট্রপুঞ্জের মধ্যে সমন্বয়কে আরও বৃদ্ধি করার জন্যও সম্মত হয়েছেন।

নিউ দিল্লি

অগস্ট 25, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.